

দুবাইয়ে চালু হয়েছে বিনামূল্যের ‘স্মার্ট ছাতা’ পরিষেবা

- A Monitor Desk Report

Date: 25 March, 2024



দুবাই: শহরে পথচারীদের চলাচল আরো স্বাচ্ছন্দ্যপূর্ণ করতে চমকপ্রদ একটি উদ্যোগ নিয়েছে সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাই কর্তৃপক্ষ।

রোদ বা বৃষ্টি থেকে বাঁচতে পথচারীরা বিনামূল্যে ধার নিতে পারছেন ‘স্মার্ট ছাতা’। যৌথভাবে এ পরিষেবা দিচ্ছে শহরটির রোডস অ্যান্ড ট্রান্সপোর্ট অথরিটি (আরটিএ) ও কানাডার স্মার্ট ছাতা পরিষেবা সংস্থা অ্যামব্রাসিটি। বর্তমানে আল ঘুবাইবা বাস ও মেট্রো স্টেশন থেকে স্মার্ট ছাতা ধার নেয়া যাচ্ছে। দুবাইয়ের ফুটপাথকে আরো বেশি চলাচলবান্ধব করা জন্য এ পরিষেবার পরিকল্পনা করা হয়েছে। এতে বাসিন্দা ও দর্শনার্থীরা রোদ-বৃষ্টি থেকে নিজেদের রক্ষা করে গন্তব্যে যেতে পারবেন।

‘দুবাই ২০৪০ আরবান মাস্টার প্ল্যানের’ মাধ্যমে শহরটিকে আরো টেকসই, স্বাস্থ্যকর ও অন্তর্ভুক্তিমূলক করার প্রতিশ্রুতি রয়েছে কর্তৃপক্ষের। স্মার্ট ছাতা প্রকল্পটিও এর আওতাধীন। যাত্রীরা সড়ক ও পরিবহন কর্তৃপক্ষের দেয়া কার্ড ব্যবহার করে ছাতা ধার নিতে পারবেন। এ পরিষেবা বিশেষত ‘২০ মিনিটের শহর’ ধারণার জন্য সংগতিপূর্ণ। এতে ২০ মিনিটের রাস্তার মাঝে দৈনন্দিন প্রয়োজনগুলো মেটাতে পারবেন এর বাসিন্দারা।

এ বিষয়ে পাবলিক ট্রান্সপোর্ট এজেন্সির ট্রান্সপোর্টেশন সিস্টেমের পরিচালক খালেদ আল আওয়াদি বলেন, ‘কার্ড ব্যবহার করে বিনামূল্যে স্মার্ট ছাতা ব্যবহারে উৎসাহিত করার মাধ্যমে আমার দুবাইজুড়ে থাকা মানুষের প্রাণবন্ত ও স্বাস্থ্যকর জীবনযাপনে অবদান রাখতে যাচ্ছি। পরিষেবাটি প্রাথমিকভাবে তিন মাসের জন্য আল ঘুবাইবা মেট্রো স্টেশনে চালু করা হয়েছে। এ পদক্ষেপের মূল্যায়নের ভিত্তিতে পরে পরিষেবাটি সম্প্রসারণের বিষয়টি বিবেচনা করা হবে।’

